
## সারণী নং: 23

## রান্নার জ্বালানী

| রান্নার জ্বালানী | উত্তরদাতার সংখ্যা | শতকরা হার |
|---|---|---|
| গ্যাস | 60 | 40.54% |
| জ্বালানি কাঠ | 85 | 57.43% |
| কয়লা | 1 | 0.67% |
| বিদ্যুৎ | 2 | 1.35% |
| মোট | 148 | 100 |





উপরিউক্ত সারণীতে মোট 148 (100%) টি রান্নার জ্বালানির মধ্যে গ্যাস রয়েছে 60 (40.54%) টি পরিবারের, জ্বালানি কাঠ রয়েছে 85 (57.43%) টি পরিবারের, এবং কয়লা রয়েছে 1 (0.67%) টি পরিবারের, এবং বিদ্যুৎ রয়েছে 2 (1.35%) টি পরিবারের। কোনো কোনো পরিবারের গ্যাস এবং জ্বালানি কাঠ উভয়ই রয়েছে আবার কোনো কোনো পরিবারের 3 প্রকারের রান্নার জ্বালানি রয়েছে।

## সারণী নং : ২৭

### নিজস্ব যানবাহন

| নিজস্ব যানবাহন | উত্তরদাতার সংখ্যা | শতকরা হার |
|---|---|---|
| হ্যাঁ | ৯১ | ৮২.৭২% |
| না | ১৯ | ১৭.২৭% |
| মোট | ১১০ | ১০০% |





উপরিউক্ত সারণীতে মোট ১১০ (১০০%) টি পরিবারের মধ্যে নিজস্ব যানবাহন আছে ৯১ (৮২.৭২%) টি পরিবারের এবং নিজস্ব কোনো যানবাহন নেই এমন পরিবারের সংখ্যা ১৯ (১৭.২৭%) টি।

## সারণী নং : 25

### যানবাহনের প্রকৃতি


| যানবাহনের প্রকৃতি | যানবাহনের সংখ্যা | শতকরা হার |
|---|---|---|
| সাইকেল | 82 | 76.63% |
| বাইক | 24 | 22.42% |
| চারচাকা | 1 | 0.93% |
| মোট | 107 | 100% |




উপরিউক্ত সারণীতে মোট 107 (100%) টি যানবাহনের মধ্যে সাইকেল রয়েছে 82 (76.63%) টি পরিবারে, বাইক রয়েছে 24 (22.42%) টি পরিবারে এবং চারচাকা রয়েছে 1 (0.93%) টি পরিবারে। কোনো কোন পরিবারে সাইকেল ও বাইক দুটোই রয়েছে আবার কোনো কোনো পরিবারে তিনটি উপস্থিত রয়েছে।

## সারণী নং: ২৬
### দৈনন্দিন যাতায়াত


| দৈনন্দিন যাতায়াত | উত্তরদাতার সংখ্যা | শতকরা হার |
|---|---|---|
| নিজস্ব পরিবহন | 58 | 52.72% |
| গণপরিবহন | 52 | 47.27% |
| মোট | 110 | 100% |




উপরিউক্ত সারণীতে মোট 110 (100%)-টি পরিবারের মধ্যে দৈনন্দিন যাতায়াতের জন্য নিজস্ব যানবাহনে যাতায়াত করেন 58 (52.72%) জন এবং গণ পরিবহনে যাতায়াত করেন 52 (47.27%) জন। এখানে আবার অনেকে নিজস্ব যানবাহন থাকা সত্ত্বেও গণপরিবহনে যাতায়াত করে থাকেন।

সারণী নং : ২৭
দৈনন্দিন জীবনে ব্যবহৃত বৈদ্যুতিক সামগ্রী

| দৈনন্দিন জীবনে ব্যবহৃত বৈদ্যুতিক সামগ্রী | উত্তরদাতার সংখ্যা | শতকরা হার |
|---|---|---|
| ফ্রিজ | 21 | 19.09% |
| স্মার্ট ফোন | 47 | 42.72% |
| কিছু নেই | 42 | 38.18% |
| মোট | 110 | 100% |





উপরিউক্ত সারণীতে মোট 110 (100%) টি বৈদ্যুতিক বস্তুর মধ্যে ফ্রিজ আছে 21 (19.09%) টি পরিবারে, স্মার্টফোন আছে 47 (42.72%) টি পরিবারে, কিছুই নেই (ফ্রিজ, স্মার্টফোন) এমন পরিবারের সংখ্যা 42 (38.18%) টি পরিবারে. আবার কোনো কোনো পরিবারে ফ্রিজ ও স্মার্টফোন দুটোই রয়েছে.

## সারণী নং : ২৪

## নিজস্ব জমি আছে

| নিজস্ব জমি আছে | উত্তরদাতার সংখ্যা | শতকরা হার |
|---|---|---|
| হ্যাঁ | 66 | 60% |
| না | 44 | 40% |
| মোট | 110 | 100% |





উপরিউক্ত সারণীতে মোট 110 (100%) টি পরিবারের মধ্যে নিজস্ব জমি আছে 66 (60%) টি পরিবারের এবং নিজস্ব কোনো জমি নেই 44 (40%) টি পরিবারের।

## সারণী নং : 29

### কৃষিকাজের সাথে যুক্ত

| কৃষিকাজের সাথে যুক্ত | উত্তরদাতার সংখ্যা | শতকরা হার |
|---|---|---|
| হ্যাঁ | 69 | 62.72% |
| না | 41 | 37.27% |
| মোট | 110 | 100% |





উপরিউক্ত সারণীতে মোট 110 (100%) টি পরিবারের মধ্যে কৃষিকাজের সাথে যুক্ত আছে এমন পরিবারের সংখ্যা 69 (62.72%) টি এবং কৃষিকাজের সাথে যুক্ত নেই এমন পরিবারের সংখ্যা 41 (37.27%) টি।

সারণী নং : 30

চাষের প্রকৃতি

| চাষের প্রকৃতি | উত্তরদাতার সংখ্যা | শতকরা হার |
|---|---|---|
| নিজের জমিতে নিজে চাষ করেন | 56 | 50.90% |
| নিজের জমি অন্যকে চাষের জন্য দেন | 9 | 8.18% |
| অপরের জমিতে চাষ করেন | 17 | 15.45% |
| চাষ করেন না | 28 | 25.45% |
| মোট | 110 | 100% |





উপরিউক্ত সারণীতে মোট 110 (100%) টি পরিবারের মধ্যে নিজের জমিতে নিজেই চাষ করেন 56 (50.90%) জন, নিজের জমিতে অন্যকে চাষের জন্য দেন 9 (8.18%) জন, অপরের জমিতে চাষ করেন 17 (15.45%) জন, এবং জমি থাকা সত্ত্বেও চাষ করেন না 28 (25.45%) জন,

## সারনী নং : 31

### বাড়ি তৈরির জন্য সরকারী অনুদান পেয়েছে

| বাড়ি তৈরির জন্য সরকারী অনুদান পেয়েছে | উত্তরদাতার সংখ্যা | শতকরা হার |
|---|---|---|
| হ্যাঁ | 54 | 49.09% |
| না | 56 | 50.90% |
| মোট | 110 | 100% |





উপরিউক্ত সারনীতে মোট 110 (100%) টি পরিবারের মধ্যে বাড়ি তৈরির জন্য সরকার থেকে অনুদান পেয়েছেন অর্থাৎ হ্যাঁ উত্তর দিয়েছেন 54 (49.09%) জন এবং বাড়ি তৈরির জন্য সরকার থেকে কোনো অনুদান পাননি অর্থাৎ না উত্তর দিয়েছেন 56 (50.90%) জন / পরিবার বাড়ি তৈরির জন্য সরকারি অনুদান পাননি তার কারন জিজ্ঞেস করলে অধিকাংশ জন বলেছেন তারা সরকারের কাছে আবেদন জানিয়েছেন, কিন্তু সরকার তাদের গুরুত্ব দেয়নি, কিংবা বলেছেন বাড়ি বানাতে দেরি হবে।

সারণী নং : 32

অন্যান্য সরকারী অনুদান


| অন্যান্য সরকারী অনুদান | উত্তরদাতার সংখ্যা | শতকরা হার |
|---|---|---|
| হ্যাঁ | 72 | 65.45% |
| না | 38 | 35.54% |
| মোট | 110 | 100% |




উপরিউক্ত সারণীতে দেখা যাচ্ছে যে অন্যান্য সরকারী অনুদান ক্ষেত্রে মোট 110টি পরিবারের মধ্যে হ্যাঁ বলেছেন 72 (65.45%) টি পরিবার, এবং না বলেছেন 38 (35.54%) টি পরিবার। অন্যান্য সরকারী অনুদান যেমন রেশন, লক্ষ্মীর ভান্ডার, বিধবা ভাতা ইত্যাদি।

## সারণী নং: ৩৩
### আপৎকালীন স্বাস্থ্য

| আপৎকালীন স্বাস্থ্য | উত্তরদাতার সংখ্যা | শতকরা হার |
|---|---|---|
| পার্শ্ববর্তী স্বাস্থ্যকেন্দ্র | 44 | 40% |
| পার্শ্ববর্তী সরকারী হাসপাতাল | 29 | 26.36% |
| পার্শ্ববর্তী ডাক্তারের ব্যক্তিগত চেম্বার | 28 | 25.45% |
| হাতুড়ে ডাক্তার | 9 | ৪.১৮% |
| মোট | ১১০ | ১০০% |





উপরিউক্ত সারণীতে দেখা যাচ্ছে যে মোট ১১০টি পরিবারের মধ্যে আপৎকালীন স্বাস্থ্য সংক্রান্ত পরিষেবায় পার্শ্ববর্তী স্বাস্থ্যকেন্দ্রে যান 44 (40%)-টি পরিবার, পার্শ্ববর্তী সরকারী হাসপাতালে যান 29 (26.36%)-টি পরিবার, পার্শ্ববর্তী ডাক্তারের ব্যক্তিগত চেম্বারে যান 28 (25.45%) টি পরিবার, এবং হাতুড়ে ডাক্তারের কাছে যান 9 (৪.১৮%)-টি পরিবার,

## সারণী নং : ৩৭

### গর্ভবতী হওয়ার উপায়

| গর্ভবতী হওয়ার উপায় | উত্তরদাতার সংখ্যা | শতকরা হার |
|---|---|---|
| ঘরোয়া উপায়ে | 30 | 27.27% |
| ডাক্তার দেখিয়ে | 30 | 27.27% |
| প্রেগনেন্সি টেস্ট কিট ব্যবহার করে | 50 | 45.45% |
| মোট | 110 | 100% |





উপরিউক্ত সারণীতে দেখা যাচ্ছে যে গর্ভবতী হওয়ার উপায়ের ক্ষেত্রে মোট 110টি পরিবারের মধ্যে ঘরোয়া উপায়ে গর্ভবতী হয়েছে 30 (27.27%) টি পরিবার, ডাক্তার দেখিয়ে গর্ভবতী হয়েছেন 30 (27.27%) টি পরিবার, প্রেগনেন্সি টেস্ট কিট ব্যবহার করে গর্ভবতী হয়েছেন 50 (45.45%) টি পরিবার,

## সারণী নং: 35

### সন্তান প্রসব সময়

| সন্তান প্রসব সময় | উত্তরদাতার সংখ্যা | শতকরা হার |
|---|---|---|
| নরমাল | 77 | 70% |
| সিজারিয়ান | 33 | 30% |
| মোট | 110 | 100% |





উপরিউক্ত সারণীতে দেখা যাচ্ছে যে সন্তান প্রসব সময় ক্ষেত্রে মোট 110 টি উত্তরদাতার মধ্যে নরমাল সন্তান প্রসব হয়েছে 77 (70%) টি পরিবারে, এবং সিজারিয়ান সন্তান প্রসব হয়েছে 33 (30%) টি পরিবারে,

## সারণী নং: 36

### ডাক্তার দেখানোর সময়কাল

| ডাক্তার দেখানোর সময়কাল | উত্তরদাতার সংখ্যা | শতকরা হার |
|---|---|---|
| 1 দিন থেকে 3 মাস আগে | 57 | 51.81% |
| 4 মাস থেকে 6 মাস আগে | 13 | 11.81% |
| 7 মাস থেকে 9 মাস আগে | 3 | 2.72% |
| 10 মাস থেকে 12 মাস বা 1 বছর | 4 | 3.63% |
| জানা নেই / মনে নেই | 33 | 30% |
| মোট | 110 | 100% |





উপরিউক্ত সারণী থেকে দেখা যাচ্ছে যে ডাক্তার দেখানোর সময়কাল এর ক্ষেত্রে মোট 110 টি মহিলার মধ্যে 1 দিন থেকে 3 মাস আগে ডাক্তার দেখিয়েছেন 57 (51.81%) জন মহিলা, 4 মাস থেকে 6 মাস আগে ডাক্তার দেখিয়েছেন 13 (11.81%) জন মহিলা, 7 মাস থেকে 9 মাস আগে ডাক্তার দেখিয়েছেন 3 (2.72%) জন মহিলা, 10 মাস থেকে 12 মাস বা 1 বছর ডাক্তার দেখিয়েছেন 4 (3.63%) জন মহিলা, এবং জানা নেই বা মনে নেই বলেছেন 33 (30%) জন মহিলা,

## সারণী নং: 37

## শিশুর শারীরিক অসুস্থতা

| শিশুর শারীরিক অসুস্থতা | উত্তরদাতার সংখ্যা | শতকরা হার |
|---|---|---|
| হাসপাতাল | 27 | 24.54% |
| প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র | 21 | 19.09% |
| ডাক্তার | 58 | 52.72% |
| হাতুড়ে ডাক্তার | 4 | 3.63% |
| মোট | 110 | 100% |




উপরিউক্ত সারণী থেকে দেখা যাচ্ছে যে শিশুর শারীরিক অসুস্থতার ক্ষেত্রে মোট 110 টি পরিবারের মধ্যে হাসপাতালে যেতেন 27 (24.54%) টি পরিবার, প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে যেতেন 21 (19.09%) টি পরিবার, ডাক্তারের কাছে যেতেন 58 (52.72%) টি পরিবার, হাতুড়ে ডাক্তারের কাছে যেতেন 4 (3.63%) টি পরিবার।

গ. স্বাস্থ্য সচেতনতা ও মাতৃস্বাস্থ্য সংক্রান্ত তথ্যের বিশ্লেষণ

মুরাদপুর গ্রামের স্বাস্থ্য সংক্রান্ত পরিষেবা :~

মুরাদপুর গ্রামে স্বাস্থ্য সংক্রান্ত মহিলাদের প্রশ্নগুলি করার সময় আমরা জানতে পারি মুরাদপুর গ্রামে একটি উপস্বাস্থ্যকেন্দ্র আছে তার সরকারী স্বাস্থ্যকেন্দ্রটি আছে চণ্ডীপুর গ্রামে, মুরাদপুর গ্রামে যে উপস্বাস্থ্যকেন্দ্র আছে সেখানে কোনো এলোপ্যাথি ডাক্তার নেই, শুধুমাত্র হোমিওপ্যাথি ডাক্তার আছে এবং ঐ বসার নেই, গ্রামের অধিবাসীরা প্রায় সময়ই ডাক্তার দেখানোর জন্য চণ্ডীপুরে যান, এছাড়া মুরাদপুর গ্রামের লোকেরা সরকারী স্বাস্থ্যকেন্দ্র ছাড়াও ব্যক্তিগত চেম্বার ও প্রাইভেট হাসপাতালেও স্বাস্থ্য সংক্রান্ত পরিষেবা নিয়ে থাকেন। তারা বলেন সরকারী স্বাস্থ্যকেন্দ্রের থেকে ব্যক্তিগত চেম্বার ও প্রাইভেট হাসপাতালে স্বাস্থ্য সংক্রান্ত পরিষেবা গুলি অনেক ভালো কারন বিভিন্ন রোগের ক্ষেত্রে চিকিৎসকেরা এলোপ্যাথিক ঔষধ প্রদান করেন। এবং ব্যক্তিগত চেম্বার ও প্রাইভেট হাসপাতাল গুলিতে ঔষধপত্রের দাম অনেক বেশি। তাড়াতাড়ি সুস্থ হওয়া যায়। এবং গ্রামের অধিবাসীরা জানিয়েছেন, প্রত্যেকের বাড়ি থেকে ডাক্তারের চেম্বার দূরত্ব প্রায় 3-4 km. মুরাদপুর গ্রামে প্রায় প্রত্যেকের পরিবারেই স্বাস্থ্যসাথী কার্ড আছে বলে তাঁরা জানিয়েছেন। কিছুজন বলেছেন তারা স্বাস্থ্যসাথী কার্ডে সুযোগ সুবিধা পেয়েছেন আবার কিছুজন জানিয়েছেন কোনো বড়োসড়ো অসুখ না হওয়ায় তাদের স্বাস্থ্যসাথী কার্ডের সুযোগ সুবিধা নেওয়ার প্রয়োজন হয়নি। স্বাস্থ্য সংক্রান্ত ক্ষেত্রে আমরা প্রত্যেকটি পরিবারে কেউ ধূমপান, মদ্যপান, পানমশলা, দোক্তা, বিমল ইত্যাদি খান কিনা জিজ্ঞেস করাতে তারা প্রত্যেকেই বলেন তাদের পরিবারের কোনো সদস্যই মদ্যপান করেন না। তবে কিছু কিছু পরিবারের সদস্যদের দেখেছি পানমশলা, ধূমপান ইত্যাদি অভ্যাস করে থাকেন। এছাড়াও, মুরাদপুর গ্রামে সমীক্ষা করার সময় আমরা দেখি যে গ্রামের সামান্য কয়েকটি পরিবারে দেখি হয় একটি করে প্রতিবন্ধী ছিলো।

মুরাদপুর গ্রামে মহিলাদের গর্ভাবস্থা সংক্রান্ত পরিষেবা :-

মুরাদপুর গ্রামের মহিলাদের গর্ভাবস্থার সংক্রান্ত বিভিন্ন পরিষেবা প্রশ্ন জিজ্ঞেসা করায় তাঁরা বললেন তাঁদের গর্ভাবস্থার সময় অঙ্গনওয়াড়ি থেকে কিছু খাওয়ার দেওয়া হত, তবে সবসময় একেই খাওয়ার দেওয়া হত না, যেমন- কিছু মহিলা বলেছেন গর্ভাবস্থাকালীন সময়ে তারা দুধ, শাক সবজি পেয়েছেন আবার কিছু মহিলা বলেছেন খিচুড়ি, ডিম সেদ্ধ ইত্যাদি খাবারও পেয়েছেন। প্রত্যেক মহিলারাই তাদের গর্ভাবস্থাকালীন সময়ে অঙ্গনওয়াড়ি থেকে অন্যান্য পরিষেবাগত সুযোগ সুবিধাও পেয়েছেন বলে আমাদের জানিয়েছেন। মুরাদপুর গ্রামের মহিলাদের তাদের গর্ভাবস্থার সময় ডাক্তার দেখানোর কথা জিজ্ঞেস করলে তারা বলেন তারা অবশ্যই তাদের গর্ভাবস্থাকালীন সময়ে ডাক্তার দেখিয়েছেন প্রায় সব মহিলাই বলেছেন 1 মাস অন্তর ডাক্তারের কাছে চেকআপ এর জন্য যেতেন। মহিলাদের গর্ভাবস্থাকালীন সময়ে USG করানো হয়েছে কিনা জিজ্ঞেস করলে তারা প্রত্যেকেই বলেন যে তারা প্রত্যেকেই USG করিয়েছেন। এবং কেউ 1 বার কেউ 2 বার কেউ 3 বার করে USG করিয়েছেন। সেইসাথে গ্রামের প্রত্যেক মহিলাই জানিয়েছেন যে, তারা তাদের গর্ভাবস্থাকালীন সময়ে নিয়মিত আয়রন ও ফলিক অ্যাসিডযুক্ত ওষুধ খেতেন। গর্ভাবস্থাকালীন সময়ে সাংসারিক কাজের ক্ষেত্রে পরিবারের অন্যান্য সদস্যদের থেকে সাহায্য পেয়েছিলেন কিনা এবিষয়ে বেশিরভাগ মহিলারাই 'হ্যাঁ' বলেছেন এবং খুব কম সংখ্যক মহিলা 'না' বলেছেন। এরপর সন্তান প্রসবের ক্ষেত্রে জানতে পারি যে বেশিরভাগ মহিলাদের সন্তান প্রসব হাসপাতালে হয়েছিল, সন্তান নির্দিষ্ট সময় প্রসব হয়েছিল কিনা এবিষয়ে বেশিরভাগ মহিলাই 'হ্যাঁ' বলেছেন। মুরাদপুর গ্রামে যে পরিবার গুলো থেকে তথ্য সংগ্রহ করা হয়েছে সেই পরিবারের কোনো মহিলার গর্ভাবস্থাকালীন সময় সন্তান নষ্ট হয়নি বলে তারা জানিয়েছেন।

## উপসংহার

মুরাদপুর গ্রামে আমি একটি গবেষণা পরিচালনা করেছিলাম যার বিষয় হলো 'গ্রামীণ মহিলাদের গর্ভাবস্থা এবং প্রসূতিকালীন স্বাস্থ্য সম্পর্কে সচেতনতা'। এই গবেষণায় আমি মূলত গুণগত মিশ্র পদ্ধতি ব্যবহারের মাধ্যমে তথ্য সংগ্রহ করে। আমি দেখেছি যে, বয়স সম্পর্কে কিছু কিছু মহিলা আন্দাজ করে নিজেদের বয়স বলেছেন। অনেকেই নিজেদের সঠিক বয়স বলতে পারেননি, তাই অনুমান মূলক বয়স বলেছেন। ওজনের ক্ষেত্রে দেখেছি, অধিকাংশ মহিলারাই নিজেদের ওজন সম্পর্কে অবগত নয় বলে আনুমানিক ওজন বলেছেন এবং বেশকিছু সংখ্যক মহিলা তাদের ওজন সম্পর্কে অবগত না হওয়ার ফলে তারা তাদের ওজন বলতে পারেননি। মাসিক আয় ক্ষেত্রে দেখেছি বেশিরভাগ মহিলারাই তাদের গৃহস্থের সঠিক আয় বলতে চাননি। এই ভেবে যে হয়তো এই তথ্যগুলো বাইরে কোথাও যাবে তার ফলে হয়তো তারা সুযোগ সুবিধা থেকে বঞ্চিত হতে পারে, তাই তারা একটি আনুমানিক আয় বলেছেন। পেশাগত যোগ্যতা ক্ষেত্রে দেখেছি অধিকাংশ মহিলা গৃহবধূ এবং খুব অল্প সংখ্যক মহিলা কর্মরত। ধর্মের ক্ষেত্রে দেখেছি বেশিরভাগ নমুনা হিন্দু এবং কিছু সংখ্যক মুসলিম। জাতির ক্ষেত্রে দেখেছি, বেশিভাগ নমুনাদের জাতি জেনারেল এবং কিছু সংখ্যক নমুনার জাতি OBC, SC, ST ইত্যাদি, শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে দেখেছি বেশিরভাগ মহিলারাই অল্প শিক্ষিত এবং খুব কম সংখ্যক মহিলা উচ্চ শিক্ষিত। এক্ষেত্রে দেখেছি যে সকল মহিলারা উচ্চ শিক্ষিত তারা অন্যান্যদের তুলনায় স্বাস্থ্য এবং প্রসূতিকালীন স্বাস্থ্য সম্পর্কে অবগত ও সচেতন, এই গ্রামে বেশিরভাগ পরিবারের প্রকৃতি হলো অণু। এই গ্রামের কোন কয়েকজন মহিলাই নিজেদের রক্তের বিভাগ সম্পর্কে অবগত নয়, 'গর্ভাবস্থায় খাওয়া দাওয়া' এর ক্ষেত্রে দেখেছি বেশিরভাগ মহিলারাই গর্ভাবস্থায় মাছ, দুধ, ডিম, শাকসবজি ইত্যাদি পুষ্টিকর খাদ্য এবং আয়রন ও Folic Acid যুক্ত ওষুধ খেয়েছিলেন।

এবং কিছু সংখ্যক বয়স্ক মহিলা আর্থিক সমস্যার কারণে পুষ্টিকর খাদ্য ও আয়রন, Folic Acid যুক্ত ঔষধ তার গর্ভবতী অবস্থায় প্রসবকালীন পাননি, গর্ভবস্থায় নিয়মিত চিকিৎসা এর ক্ষেত্রে দেখেছি বেশিরভাগ মহিলারাই এ সম্পর্কে অবগত, প্রায় সকল মহিলারাই গর্ভবস্থায় নিয়মিত ডাক্তার দেখাতেন। তারা গর্ভবতী হওয়ার মাঝে মাঝে দুই মাস অন্তর অন্তর ডাক্তারের কাছে পরামর্শ জন্য যেতেন। গর্ভবস্থায় বেশিরভাগ মহিলাই USG করিয়েছেন, গর্ভবস্থায় সাংসারিক দায়দায়িত্ব ও সন্তান-প্রাপ্তি এর ক্ষেত্রে দেখেছি প্রায় সকল মহিলারাই গর্ভবতী থাকা-কালীন সংসারের যাবতীয় কাজে শাশুড়ির সাহায্য পেয়েছি-লেন এবং যাদের যা আছে তারা তাদের যা ঘর সাহায্যও পেয়েছিলেন। শুধু অল্প কিছু বয়স্ক মহিলা বলেছেন তাদের সময়ে গর্ভবস্থায় তারা সংসারের কোনো কাজে কারো সাহায্য পায়নি, গ্রামীণ প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র ক্ষেত্রে দেখেছি ওই গ্রামের বেশিরভাগ মহিলারাই এ সম্পর্কে অবগত। গ্রামের প্রত্যেকেই বলেছেন তাদের সময়ে গর্ভবস্থায় তারা সংসারের কোনো কাজে কারো সাহায্য পায়নি, গ্রামীণ প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ক্ষেত্রে দেখেছি ওই গ্রামের বেশিরভাগ মহিলারাই এ সম্পর্কে অবগত। গ্রামের প্রত্যে-কেই বলেছেন কাছাকাছি একটি উপস্বাস্থ্য কেন্দ্র আছে যেখানে প্রাথমিক চিকিৎসা শুধুমাত্র হয় হোমিওপ্যাথি ঔষধ এর সাহায্যে। তবে তারা জানিয়েছিলেন খুব গুরুতর কোনো সমস্যা হলে তাদের চণ্ডীপুর স্বাস্থ্যকেন্দ্রে যেতে হয়। প্রসব ও প্রসূতিকালীন স্বাস্থ্য এর ক্ষেত্রে দেখেছি গ্রামের সকল মহিলারাই বলেছেন তাদের গ্রামে অঙ্গনওয়াড়ি আছে এবং সেখানে গর্ভবতী মহিলা-দের জন্য খাদ্য সামগ্রী দেওয়া হয়। এবং গর্ভবতী মহিলাদের প্রসবের সময় [illegible] স্বাভাবিক প্রসবের হার বেশি এবং সিজারিয়ান পদ্ধতির প্রসবের হার কম, সদ্যোজাত শিশু স্বাস্থ্য সম্পর্কে দেখেছি ওই গ্রামে বেশিরভাগ শিশুই হাসপাতালে জন্মলাভ করেছে, এবং গ্রামের সকল শিশুকেই

জন্মের পর টীকাকরণ করানো হয়েছে। বেশিরভাগ মহিলাই তার সদ্যোজাত শিশুকে স্তন্যপান করিয়েছেন এবং প্রায় নিয়মিত এবং অসুস্থ হলে ডাক্তার দেখিয়েছেন। 'সন্তানধারণ কোন বয়সের মধ্যে করা উচিত সেই সম্পর্কে মতামতের ক্ষেত্রে শিক্ষার সাথে মতামতের একটা যোগসূত্র দেখেছি। দেখেছি যে যেসকল মহিলা একটু বয়স্ক এবং অল্প শিক্ষিত তারা ঘরোয়া উপায়ে গর্ভবতী হয়েছেন বুঝেছিলেন, তারা মেয়েদের প্রথম সন্তান নেওয়ার বয়স ১৪-১৯ বছর বয়সের মধ্যে এবং বলেছিলেন বিয়ের আগে মেয়েদের প্রজনন সংক্রান্ত বিষয় জানা উচিত, তবে যারা অল্প বয়সী শিক্ষিত মহিলারা বলেছিলেন তারা Pregnancy Kit ব্যবহার করে এবং ডাক্তার দেখিয়ে গর্ভবতী হয়েছেন বলে বুঝেছিলেন, তারা মেয়েদের প্রথম সন্তান হওয়ার বয়স মোটামুটি তিরিশ বলেছিলেন এবং বলেছিলেন বিয়ের আগে প্রজনন সংক্রান্ত বিষয় জানা উচিত। তবে অধিকাংশ মহিলারাই বলেছিলেন সন্তান ধারণের ক্ষেত্রে সমস্ত সিদ্ধান্ত তারা স্বামী-স্ত্রী দুজনে মিলে নিয়েছেন।

# সংযোজন

## গ্রন্থপঞ্জী


১. চট্টোপাধ্যায়, কৃষ্ণদাস (2017) : সামাজিক সমীক্ষা পদ্ধতি বীক্ষা, কোলেজ বুকস, কলকাতা,

২. মিত্র, চন্দনা (1978) : নারী ও স্বাস্থ্য, অনীক, সেপ্টেম্বর-অক্টোবর 2013.

৩. চ্যাটার্জী, সুরজিৎ (2019) : গ্রামীণ সমাজতত্ত্ব ভারতীয় প্রেক্ষাপট, কোলেজ বুকস, কলকাতা,

Website :

1. স্বাস্থ্য ও অসুস্থতা সমাজবিদ্যা (2002), https://bn.eferrit.com, accessed on 7.05.23.

2. Maternal and Adolescent Healthcare (2017 - 2018) 03 chapter. pdf, accessed on 28.03.23.

3. আরবেক রহমান 15 Jan, 2023 — স্বাস্থ্যের সামাজিক এবং আচরণগত প্রভাব বিস্তারিত আলোচনা কর, https://www.mkraihan.com/2023/01/sasthen-samajik-ebong-aconongoto-poovab.html? m=1, accessed on 7.05.23.


4. National Health Mission - modernal health (মাতৃস্বাস্থ্য), https://nhm.gov.in/index1.php? lang = 1 and level = 2 and sublinkid = 822 and lid = 218. accessed on 27.03.2023.

5. Muradpur village in chandipur (purba medinipur) west Bengal, https://villageinfo-in/west-bengal/purba medinipur/chandipur/muradpur.html, accessed on 8.04.23

6. Maternal-health - UNICEF'S concerted action to increase access to quality maternal health services, https://www.unicef.org/India/what-we-do/maternal-health, accessed on 27.03.23.

7. Significant Decline in maternal morternal mortality in India, 14 Dec 2022, https://pib.gov.in/Features Dealils.aspx? Noteld = 151238 and moduleld %20=% 202. accessed on 28.03.23.

## : চিত্রসারণী :



চিত্র : গ্রামে সার্ভে করার সময়



চিত্র : গ্রামে সার্ভের কাজ চলছে




চিত্র : সার্ভে চলছে



চিত্র : গ্রামে সার্ভে চলছে



চিত্র : গ্রামে সরাসরি সার্ভে চলছে



চিত্র: field যাওয়ার পর আমাদের group ছবি




চিত্র: বিভিন্ন ধরণের মানচিত্র




চিত্র: আমাদের বাচ্চো মানচিত্রদের বাড়িতে যাওয়া

# মুরাদপুর গ্রামে সমাজতাত্ত্বিক সমীক্ষার জন্য

## সাক্ষাৎকার অনুসূচী

ক্রমিক সংখ্যা

সাক্ষাৎকারের তারিখ :

==========================================================================================
==========================================================================================

১ . উত্তর দাতার নাম : ------------------------------------------------------------------------

২ . উত্তরদাতার বয়স : ------------------------------------------------

৩. লিঙ্গ : পুরুষ / মহিলা / অন্যান্য

৪. উত্তরদাতার ওজন :

৫. উত্তরদাতার ধর্ম :

৬. জাতি নাম : SC/ ST/ OBC /OBC - A / OBC- B / UR

৭. উত্তরদাতার রক্তের বিভাগ : ---------------------------------------------------

৮. উত্তরদাতার পেশা : ---------------------------------------

৯. বাড়ির কর্তা সঙ্গে সম্পর্ক কেমন ? ভালো / খারাপ/ মোটামুটি / খুব ভালো

১০. উত্তর দাতার বৈবাহিক মর্যাদা কেমন ? ( বিবাহিত-/ অবিবাহিত / বিধবা / বিপত্নীক / বিবাহ বিচ্ছিন্ন )

১১. বাড়ির কর্তার নাম কি ? ------------------------------------------------------------------------

১২. কর্তার বয়স কত ? ----------------------

১৩. কর্তার পেশা কি ? ---------------------------

১৪. কর্তার শিক্ষাগত যোগ্যতা কি ? ---------------------------

১৫. পরিবারের ধরন বা প্রকার কেমন ? ( অনু পরিবার / একান্নবর্তী পরিবার )

১৬. পরিবারের মোট সদস্য সংখ্যা কত ? ---------------------------

পুরুষ - মহিলা -

১৭. পরিবারে শিশুর সংখ্যা কত ? --------------

১৮. পরিবারে কেউ স্কুলছুট আছে ? (হ্যাঁ / না)

19. থাকলে কয়জান আছে এবং কেন আছে ?

২০. পরিবারের মোট মাসিক আয় কত ? ------------------------

২১. আপনাদের বাড়িতে গবাদি পশু আছে ? ( হ্যাঁ / না )

২২. যদি থাকে কি কি গবাদি পশু আছে ? ( গরু / ছাগল /ভেড়া /হাঁস /মুরগি )

২৩. আপনাদের বাড়ীর শৌচালয়ের অবস্থা কেমন ? ( পৃথক / সংযুক্ত )

২৪. আপনাদের বাড়িতে কোন ধরনের জল পান করেন ? ( ফিল্টার / টিউব ওয়েল / সাম্বারশীল )

২৫. আপনারা কি পুকুরের জল পানীয় জল হিসেবে ব্যবহার করেন ? (হ্যাঁ / না )

২৬. আপনাদের বাড়ীর বা গ্রামের জল নিকাশি ব্যবস্থা / নর্মদা আছে ? ( হ্যাঁ / না )

২৭. আপনাদের বাড়ীর গ্রামের নর্মদা খোলা না বন্ধ ?

২৭. আপনাদের বাড়ীর কতদিন অন্তর জল নিকাশি পরিষ্কার করা হয় ?

২৮. রান্নার জন্য কোন জ্বালানি ব্যবহার হয় ? ( গ্যাস / জ্বালানি / কাঠ / কয়লা / বিদ্যুৎ )

২৯. আপনাদের পরিবারে আলোর পরিষেবা কেমন ? ( বিদ্যুৎ / তেল লন্ডন )

৩০. আপনি বাড়ি বানানোর জন্য কি সরকারি অনুদান পেয়েছেন ? ( হ্যাঁ / না )

৩১. যদি না হয় কেন সরকারি অনুদান পাননি ?

৩২. আপনাদের পরিবারে অন্য কোন সরকারি অনুদান পেয়েছেন ? ( হ্যাঁ / না )

৩৩. যদি হ্যাঁ হয় কি কি সরকারি অনুদান পেয়েছেন ?

৩৪. নিজস্ব কোনো যানবাহন আছে ? ( হ্যাঁ / না )

৩৫. যদি হ্যাঁ হয় কি ধরনের যানবাহন আছে ? ( সাইকেল /রিক্সা /চারচাকা /বাইক )

৩৬. দৈনন্দিন যাতায়াতের জন্য সাধারণত কি ব্যবহার করেন ? ( নিজস্ব যানবাহন / গণপরিবহন ব্যবস্থা / অন্যান্য )

৩৭. নিম্নোক্ত জিনিস গুলির মধ্যে কোনগুলি বাড়িতে আছে ? ( ফ্রিজ / মাইক্রোওয়েভ / স্মার্টফোন / ওয়াশিং মেশিন )

৩৮. আপনাদের জমি আছে ? ( হ্যাঁ / না )

৩৯. যদি থাকে পরিমাণ কত ?

৪০. আপনাদের পরিবারে কেউ চাষাবাদের সঙ্গে যুক্ত ? ( হ্যাঁ / না )

৪১. নিজের জমি নিজেই চাষ করেন / জমি অন্যকে বর্গায় চাষের জন্য দিয়েছেন /' অপরের জমিতে বর্গায় চাষ করেন

৪২. আপনার গ্রামের পার্শ্ববর্তী এলাকায় কোন সরকারি স্বাস্থ্য কেন্দ্র আছে ? ( হ্যাঁ / না )

৪৩. যদি হ্যাঁ হয় আপনার বাড়ি থেকে স্বাস্থ্য কেন্দ্রের দূরত্ব কত ? ----------------

৪৪. কতজন ডাক্তার ? -------------------( জানি / জানি না )

৪৫. কি কি পরিষেবা পাওয়া যায় ?

৪৬. আপনি সাধারণত কোথায় ডাক্তার দেখান ? ( সরকারি স্বাস্থ্য কেন্দ্রে / ব্যক্তিগত চেম্বার / প্রাইভেট হসপিটাল ) এবং কেন ?

o

৪৭. আপনি শেষ কবে ডাক্তার দেখিয়েছেন ? --------------------

৪৮. কেন দেখিয়েছেন ?

৪৯. আপনার শেষ শরীর খারাপ কবে হয়েছিল ?

৫০. আপনার বাড়ি থেকে ডাক্তার-খানা দূরত্ব কত ?

৫১. বাড়িতে হঠাৎ কোনো আপৎকালীন স্বাস্থ্য বিষয়ক সমস্যা হলে কোথায় আগে নিয়ে যান ?

ক ) পার্শ্ববর্তী স্বাস্থ্যকেন্দ্রে খ ) পার্শ্ববর্তী সরকারি হাসপাতাল গ ) পার্শ্ববর্তী ডাক্তারের ব্যক্তিগত চেম্বার

ঘ ) বেসরকারি হাসপাতাল / নার্সিং হোম ঙ) ঝাড়ফুঁক / মাদুলি /কবজ / টোটকা চ ) কোয়াক বা হাতুড়ে

৫২. আপনাদের বাড়ির সকল সদস্যদের স্বাস্থ্যসাথী বা আয়ুষ্কাল কার্ড আছে কি ? ( হ্যাঁ / না )

৫৩. যদি স্বাস্থ্য সাথী কার্ড বা আয়ুষ্কাল কার্ড থাকে তার কোন সুযোগ সুবিধা পেয়েছেন কি ? ( হ্যাঁ / না )

৫৪. স্বাস্থ্য কেন্দ্র ছাড়া আপনার এলাকায় কোনো ব্যক্তিগত ডাক্তারের চেম্বার আছে কি ? ( হ্যাঁ / না )

৫৫. যদি থাকে কি ধরনের ডাক্তার ? ক ) হোমিওপ্যাথি খ ) এলোপ্যাথিক গ ) আয়ুর্বেদিক ঘ ) হাতুড়ে

৫৬. আপনি বা আপনার বাড়িতে কেউ ধূমপান করেন ? ( সিগারেট / বিড়ি / অন্যান্য )

৫৭. আপনি বা আপনার বাড়িতে কেউ দোক্তা ,পান মশলা ,বিমল ,জর্দা ইত্যাদি সেবন করেন কি ? ( হ্যাঁ / না )

৫৮. আপনার বাড়ির কোন সদস্য মদ্যপান করেন কি ? ( হ্যাঁ / না )

৫৯. আপনার বাড়িতে বা গ্রামে কোন প্রতিবন্ধী ব্যক্তি আছে কি ? ( হ্যাঁ / না )

৬০. হ্যাঁ ,হলে বাড়িতে বা গ্রামে কতজন প্রতিবন্ধী আছেন ?

৬১. কি ধরনের প্রতিবন্ধী ? মানসিক- / শারীরিক

৬২. আপনি বা আপনার পরিবারে এখন কেউ গর্ভবতী ? ( হ্যাঁ / না )

৬৩. গর্ভবতী অবস্থায় আপনি বা আপনার পরিবারে গর্ভবতী মহিলাদের দুধ, শাক সবজি ,মাছ ,মাংস , পাচ্ছেন বা পেয়েছেন ? ( হ্যাঁ / না )

৬৪. গর্ভাবস্থায় আপনি কি আপনার পরিবারে গর্ভবতী সেখানে পরিষেবা গত সুযোগ-সুবিধা পেয়েছিলেন / পান ( হ্যাঁ / না )

৬৫. গর্ভবতী হয়েছেন সেটা বোঝেন কি করে ? ঘরোয়া উপায় /ডাক্তার দেখিয়ে /প্রেগনেন্সি টেস্ট কিট ব্যবহার করে /অন্যান্য )

৬৬. গর্ভাবস্থায় আপনি বা আপনার পরিবারে গর্ভবতী কতদিন অন্তর ডাক্তার দেখাতেন বা দেখান ? ----------

৬৭. গর্ভাবস্থায় প্রথম 3 মাসের মধ্যে কি ডাক্তার / হাসপাতাল /স্বাস্থ্যকেন্দ্রের যান ?

৬৮. এর আগে গর্ভবতী হয়ে থাকলে গর্ভাবস্থায় কখনো ইউএসজি করানো হয়েছে ? ( হ্যাঁ / না )

৬৯. ইউএসজি করানো হলে কতবার বা কতদিন অন্তর করেছেন ? -----------

৭০ . গর্ভাবস্থায় নিয়মিত আয়রন এবং ফলিক এসিডযুক্ত ঔষধ খেতেন কি ? ( হ্যাঁ / না )

৭১. গর্ভাবস্থায় থাকাকালীন আপনি কি সাংসারিক কাজের ক্ষেত্রে পরিবারের অন্যান্য সদস্যদের সাহায্য পেয়েছিলেন ? ( হ্যাঁ / না )

৭২. সন্তান প্রসব কোথায় হয় ? ( বাড়ি / হাসপাতাল )

৭৩. আপনার সন্তান প্রসবের সময় কিভাবে ডেলিভারি হয়েছিল ? ( নরমাল / সিজারিয়ান )

৭৪. সন্তান কি নির্দিষ্ট সময়ে প্রসব হয়েছিল ? ( হ্যাঁ / না )

৭৫. যদি উত্তর না হয় যদি আগে হয় তার কারণ কি ? -------------------------

৭৬. জন্মের সময় সন্তানের ওজন কত ছিল ? -------------------

৭৭. সন্তানের কোনো শারীরিক অসুস্থতা ছিল ? ( হ্যাঁ / না )

৭৮.জন্মের পর সন্তানের নিয়মিত টিকাকরণ করান কি ? ( হ্যাঁ / না )

৭৯. সদ্যোজাত সন্তানকে স্তন্যপান করান ? ( হ্যাঁ / না )

৮০. উত্তর না হলে কেন করেন না ?

ক ) পরিবর্ত হিসেবে কি ব্যবহার করেন ?

বাচ্চাকে নিয়মিত ডাক্তার দেখান কি ? ( হ্যাঁ / না )

ক ) হ্যাঁ হলে কতদিন অন্তর দেখান ?

৮১. বাচ্চার অসুখ বিসুখ হলে কার সাহায্য নেন ? হাসপাতাল /প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র /ডাক্তার /ঝাড়ফুঁক /হাতুড়ে /অন্যান্য

৮২. মেয়েদের কত বছর বয়সে প্রথম সন্তান হওয়া উচিত বলে আপনি মনে করেন ?

৮৩. সর্বোচ্চ কটি সন্তান হওয়া উচিত বলে আপনি মনে করেন ?

৮৪. কটি সন্তান হবে এবং কতদিন পরে হবে সেই বিষয়ে কার মতামত প্রাধান্য পাওয়া উচিত বলে আপনি মনে করেন ? স্ত্রী /স্বামী -স্ত্রীর /বাবা-মা /স্বামীর বাবা -মা /পরিবারের অন্যান্য সদস্য

৮৫.বিয়ের আগেই মেয়েদের প্রজনন সংক্রান্ত বিষয় সম্পর্কে জানা উচিত বলে আপনি মনে করেন ?

৮৬.সন্তান নেওয়ার আগে সেই বিষয়ে আপনি বা গ্রামের মহিলারা ডাক্তার বা আশা কর্মীদের সঙ্গে পরামর্শ করেন কি ?

৮৭.আপনার কি কখনো গর্ভপাতে সন্তান নষ্ট হয়েছিল ? ( হ্যাঁ / না )

৮৮.যদি গর্ভাবস্থায় সন্তান নষ্ট হয়ে থাকে তাহলে তার কারণ কি ?

৮৯ .( যদি উত্তর হ্যাঁ হয় ) গর্ভপাতের পর ডাক্তারের সঙ্গে পরামর্শ করে ছিলেন ?

৯০.গর্ভপাতের কতদিন পর আবার সন্তান ধারণ করেছিলেন ?

৯১. মৃত সন্তান প্রসব হয়েছিল কি ?

৯২. সদ্যোজাত শিশুর মৃত্যুর হয়েছিল কি ?

৯৩. স্বাস্থ্য বলতে কী বোঝো ?